নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Noakhali-3814
Website: www.nstu.edu.bd

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ
Department of Tourism and Hospitality Management
E-mail : thm@office.nstu.edu.bd


স্মারক নং/নোবিপ্রবি/টিএইচএম-এমবিএ/২৬/০১/০১০০৩ তারিখ: ১৩ জানুয়ারি ২০২৬ ইং

## এমবিএ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রফেশনাল / **MBA (Master of Business Administration in Tourism and Hospitality Management)** এর নিয়মিত প্রোগ্রাম এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nstu.edu.bd)** অথবা বিভাগীয় অফিস হতে আগামী **১৫ জানুয়ারি ২০২৬ ইং** থেকে **১০ ফেব্রুয়ারি ২০২৬** তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন (সশরীরে অথবা ডাকযোগে)। আবেদন ফরমের মূল্য (অফেরতযোগ্য) অভ্যন্তরীণ প্রার্থীর জন্য ১০০০/- (এক হাজার) ও বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার) টাকা হিসাবের নাম - "ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ বিবিধ খাত" **হিসাব নম্বর** - ০২০০০২৫১২১৫৫৮, অগ্রণী ব্যাংক লি:, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় জমা প্রদান পূর্বক জমাদানের মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

**ডিগ্রীর নাম:** এমবিএ (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)।
**ডিগ্রী সময়কাল:** তিন সেমিস্টার।
**ক্রেডিট সংখ্যা:** থিসিস-৪৫, নন-থিসিস-৪০

**আবেদনের যোগ্যতা:**

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট (প্রাইভেট ও পাবলিক) থেকে ৪ বছর মেয়াদী বিবিএ ডিগ্রীধারী (ব্যবসায় শিক্ষার সকল বিষয়) হতে হবে।
২। অভ্যন্তরীন প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ কমপক্ষে ২.২৫ থাকতে হবে, বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।
৩। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ও আনুষাঙ্গিক ফি প্রদান করতে হবে। (বি: দ্র: নিয়মিত ছাত্র-ছাত্রীর সমান ফি বহিঃস্থ প্রার্থীদের জন্য প্রযোজ্য হবে)।
৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
২। সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।
৩। ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
৪। আবেদনের সাথে ব্যাংকে টাকা জমাদানের মূল রশিদ সংযুক্ত করতে হবে।
৫। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ১ (এক) বছর ৪ (চার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র (NOC)/ প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৬। ডাকযোগে প্রেরণের ঠিকানা- চেয়ারম্যান, টিএইচএম বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**ভর্তি পরীক্ষার মানবণ্টন ও সময় সূচি: (বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)**

১। লিখিত ও মৌখিক।
২। লিখিত পরীক্ষার বিষয়বস্তু: ইংরেজি - ১০ নম্বর, ব্যবসায় শিক্ষা- নীতি ও প্রয়োগ - ৩০, গাণিতিক বিশ্লেষণ ১০, মৌখিক - ৫০। সর্বমোট - ১০০ নম্বর
৩। ভর্তি পরীক্ষার তারিখ- ১৮ ফেব্রুয়ারি ২০২৬ ইং

13.01.2026

মো: নাজমুল হুদা
চেয়ারম্যান, ২০২৪-২৫ (এমবিএ) শিক্ষাবর্ষের ভর্তি কমিটি ও
বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

**অনুলিপি:**

১। ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ, নোবিপ্রবি।
২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৭। জনসংযোগ কর্মকর্তা, নোবিপ্রবি।

CamScanner